গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
শাখা-১১ (মাধ্যমিক-২)
www.moedu.gov.bd

| পরিচালক | |
|---|---|
| প্রশাসন | |
| পরিঃ ও উন্নঃ | |
| পি.আই.ইউ | |
| পি.আই.ডাব্লিউ | ✓ |
| ভোকেশনাল | |
| | |
| মহাপরিচালক | |

AD(piw)

## পরিপত্র

নং-৩৭.০০.০০০০.০৭২.০৬.০৭৬.১২.৪৪১

তারিখ : ১৬ অগ্রহায়ণ ১৪২৩ বঙ্গাব্দ
৩০ নভেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

**বিষয় ঃ স্কাউট ও গার্ল গাইড আন্দোলনে দেশের সকল সরকারি-বেসরকারি মহাবিদ্যালয়-বিশ্ববিদ্যালয়-সমমানের মাদ্রাসা-কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে নির্ধারিত আদায়কৃত অর্থ যথাক্রমে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের রোভার ও রেঞ্জার তহবিল, জেলা রোভার স্কাউটস্ সম্পাদক ও জেলা গার্ল গাইডস্ কমিশনার বরাবরে জমা দেয়া এবং কেবল রোভারিং ও রেঞ্জারিং কার্যক্রমেই ব্যয় নিশ্চিতকরণ।**

শিক্ষা মন্ত্রণালয়ের সার্বিক তত্ত্বাবধানে, বাংলাদেশ স্কাউটস্ ও গার্ল গাইডস্ এসোসিয়েশন দেশব্যাপী স্কাউট ও গাইডিং কার্যক্রম পরিচালনা এবং বাস্তবায়নের লক্ষ্যে নিরলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। প্রচলিত শিক্ষা কার্যক্রমের পাশাপাশি সম্পূরক হিসেবে নিয়মিত প্রশিক্ষণ ও পরিকল্পিত অনুশীলনের মাধ্যমে শিশু-কিশোর-যুব গোষ্ঠী, বালিকা, কিশোরী ও তরুণী দেশের তথা বিশ্বের যোগ্য নাগরিক এবং মানুষ হিসেবে গড়ে তোলার লক্ষ্যে স্কাউট ও গালর্স গাইড আন্দোলনের ভূমিকা ও অবদান আজ বিশ্বব্যাপী স্বীকৃত।

২.০ পরিকল্পিতভাবে রোভারিং ও রেঞ্জারিং কার্যক্রমের উন্নয়ন ও সম্প্রসারণের লক্ষ্যে সার্বিক বিবেচনায় নিম্নলিখিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে :

২.১ দেশের প্রত্যেক কলেজ-সমমানের মাদ্রাসা-কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান, বিশ্ববিদ্যালয়ে আবশ্যিকভাবে ছাত্রদের জন্য অন্তত: একটি রোভার দল এবং ছাত্রীদের জন্য একটি রেঞ্জার দল গঠন করে যথাক্রমে বাংলাদেশ স্কাউটসের "গঠন ও নিয়ম অনুযায়ী" এবং গাইডের "গঠন ও বিধি" অনুযায়ী রোভার ও রেঞ্জার কার্যক্রম পরিচালনা ও বাস্তবায়ন করতে হবে।

২.২ সকল শিক্ষার্থীর নিকট থেকে মাথাপিছু ১৬.০০ (ষোল) টাকা বাংলাদেশ স্কাউটস এর রোভার ফি এবং বাংলাদেশ গার্ল গাইড এর রেঞ্জার ফি ১০.০০ (দশ) টাকা বছরের শুরুতে সেশন চার্জের সাথে আবশ্যিকভাবে আদায় করতে হবে। আদায়কৃত টাকা বাংলাদেশ স্কাউটস এর রোভার তহবিলে এবং বাংলাদেশ গার্ল গাইড এর রেঞ্জার তহবিলে জমা করতে হবে।

২.৩ রোভার ফি বাবদ আদায়কৃত ১৬.০০ (ষোল) টাকার মধ্যে ১১.০০(এগার) টাকা প্রতিষ্ঠান প্রধান ও রোভার স্কাউট সম্পাদক এর যৌথ স্বাক্ষরে রোভার তহবিলে স্থানীয় ব্যাংকে সঞ্চয়ী হিসাব পরিচালিত হবে এবং অবশিষ্ট ৫.০০ (পাঁচ) টাকা সংশ্লিষ্ট জেলা রোভার স্কাউটস্ সম্পাদক বরাবর ক্রসড চেক/পে-অর্ডার মারফত জমা দিতে হবে। রেঞ্জার ফি বাবদ আদায়কৃত ১০.০০ (দশ) টাকার মধ্যে ০৫.০০ (পাঁচ) টাকা প্রতিষ্ঠান প্রধান ও রেঞ্জার গাইডার এর যৌথ স্বাক্ষরে রেঞ্জার তহবিলে স্থানীয় ব্যাংকে সঞ্চয়ী হিসাব পরিচালিত হবে এবং অবশিষ্ট ৫.০০ (পাঁচ) টাকা সংশ্লিষ্ট জেলা নির্বাচিত জেলা গাইড কমিশনার বরাবর ক্রসড চেক/পে-অর্ডার মারফত জমা দিতে হবে।

২.৪ রোভার দল ও রেঞ্জার ইউনিট পরিচালনাকারী প্রশিক্ষণ প্রাপ্ত প্রত্যেক রোভার লিডার এবং রেঞ্জার গাইডারকে মাসিক ২০০.০০ (দুইশত) টাকা এবং উড ব্যাজ ধারী লিডার এবং ওয়ারেন্ট গাইডারকে ২৫০.০০ (দুইশত পঞ্চাশ) টাকা হারে সম্মানী দিতে হবে।

২.৫ রোভার ও রেঞ্জার তহবিলে জমাকৃত অর্থ কেবল সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে রোভারিং ও রেঞ্জারিং কার্যক্রম পরিচালনার লক্ষ্যেই ব্যয় হবে। আদায়কৃত অর্থ রোভারিং ও রেঞ্জারিং কার্যক্রমেই ব্যয় নিশ্চিতকরণ ও সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি সম্পর্কে জারিকৃত নির্দেশনামা যথারীতি অনুসরণ করা না হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

৩.০ বর্ণিত বিষয়ে ইতোপূর্বে জারিকৃত সংশ্লিষ্ট আদেশসমূহ বাতিল বলে গণ্য হবে।

৪.০ এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-
তারিখ:২৪.১১.২০১৬
(মোঃ সোহরাব হোসাইন)
সচিব

নং-৩৭.০০.০০০০.০৭২.০৬.০৭৬.১২.৪৪১

তারিখ : ১৬ অগ্রহায়ণ ১৪২৩ বঙ্গাব্দ
৩০ নভেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. উপাচার্য.....................................(পরিপত্রের নির্দেশনা বাধ্যতামূলকভাবে অনুসরণ করার জন্য)।

চলমান পৃষ্ঠা/-২

৩. অতিরিক্ত সচিব [প্রঃ ও অর্থ-উন্নয়ন-বিশ্ববিদ্যালয়-মাধ্যমিক (সরকারি-বেসরকারি)], মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. অতিরিক্ত সচিব (কারিগরি-মাদ্রাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. কমিশনার (ঢাকা-চট্টগ্রাম-রাজশাহী-খুলনা-বরিশাল-সিলেট-রংপুর-ময়মনসিংহ) বিভাগ।
৬. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৭. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৮. মহাপরিচালক, মাদ্সারা শিক্ষা অধিদপ্তর, কাকরাইল, ঢাকা।
৯. যুগ্ম-সচিব (কলেজ-মাধ্যমিক-বিশ্ববিদ্যালয়), শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১০. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা-রাজশাহী-যশোর-সিলেট-বরিশাল-কুমিল্লা-চট্টগ্রাম-দিনাজপুর।
১১. চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা-বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
১২. জেলা প্রশাসক (সকল)................(অধিক্ষেত্রাধীন সকল উপজেলা নির্বাহী অফিসারকে ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
১৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৬. তথ্য কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৭. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)।
১৮. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)......................।
১৯. জেলা শিক্ষা অফিসার (সকল)..........(সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানকে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ)।
২০. অধ্যক্ষ/প্রধান শিক্ষক,.........................(পরিপত্রের নির্দেশনা বাধ্যতামূলকভাবে অনুসরণ করার জন্য)।

(অসীম কুমার কর্মকার)
সহকারী সচিব
ফোন ঃ ৯৫৫০৩৪১

E:\Sec_11\D_D\Md. Abu Alom Khan\Poripottro.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.techedu.gov.bd

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৬১.১৮.০১৪.১২- ৬৭ তারিখ ঃ ১৯ জানুয়ারী, ২০১৭খ্রিঃ।

**বিষয় ঃ স্কাউট ও গার্ল গাইড আন্দোলনে দেশের সকল সরকারি-বেসরকারি মহাবিদ্যালয়-বিশ্ববিদ্যালয়-সমমানের মাদ্রাসা-কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে নির্ধারিত আদায়কৃত অর্থ যথাক্রমে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের রোভার ও রেঞ্জার তহবিল, জেলা রোভার স্কাউটস্ সম্পাদক ও জেলা গার্ল গাইডস্ কমিশনার বরাবর জমা দেয়া এবং কেবল রোভারিং কার্যক্রমেই ব্যয় নিশ্চিতকরণ প্রসঙ্গে।**

সূত্রঃ শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.০৬.০৭৬.১২-৪৪১, তারিখঃ ৩০ নভেম্বর, ২০১৬খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ হতে প্রাপ্ত (কপি সংযুক্ত) পত্রের ছায়ালিপি এতদ্সঙ্গে প্রেরণ করা হলো। পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

19/1/2017

(মোঃ রেজাউল করিম)
সহকারী পরিচালক (পিআইডব্লিউ)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

| | | |
|---|---|---|
| ১-৪ | । | পরিচালক (প্রশাসন/পরিঃ ও উন্নঃ/পিআইডব্লিউ/ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা। |
| ৫-৮ | । | অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ/সিলেট ইঞ্জিনিয়ারিং কলেজ/ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজ ফরিদপুর ইঞ্জিনিয়ারিং কলেজ। |
| ৯-৫৯ | । | অধ্যক্ষ, ------------------------------------পলিটেকনিক ইনস্টিটিউট/বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাসএন্ড সিরামিক/বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্রাফিক আর্টস/বাংলাদেশ সার্ভে ইনস্টিটিউট/ফেনী কম্পিউটার ইনস্টিটিউট,ফেনী/ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট, বগুড়া। |
| ৬০ | । | জনাব মোঃ আঃ খালেক মিঞা, সহকারী সচিব (মাদ্রাসা-১), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। |
| ৬১-১২৪ | । | অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, ------------------------------------ |
| ১২৫-১২৭ | । | আঞ্চলিক পরিদর্শক, আঞ্চলিক পরিদর্শকের কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/ খুলনা। |
| ১২৮ | । | ভারপ্রাপ্ত কর্মকর্তা, ICT সেল, পত্রখানা জরুরী ভিত্তিতে ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ। |
| ১২৯ | । | মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য। |
| ১৩০ | । | নথি। |